# Sanatan Dharma

---

**108 সংখ্যাকে পবিত্র**

108 সংখ্যাকে পবিত্র মানা হয়. , সে জন্য দুর্গা পুজোতে 108 টা পদ্ম লাগে, দেবীর গলায় 108 বেলপাতার মালা পড়ানো হয়, নারায়ণ পুজোতে 108 তুলসীপাতা চড়ানো হয়, কিংবা জপের মালাতে 108 মনকা থাকে, বিভিন্ন আখড়ার সন্ত সমাজে মহামন্ডলেশ্বরের নামের আগে ' শ্রীশ্রী 108' দিয়ে শুরু হয়..
আমাদের ধর্মে সমস্ত অক্ষরের যে সংখ্যা আছে সেই গুলো দিয়ে যদি ব্রহ্মকে প্রকাশ করা যায়. তবে সেই সংখ্যা হয় 108,সেজন্য 108 সংখ্যার এত মাহাত্ম্য আমাদের হিন্দু ধর্মে।

\# প্রাচীন সংস্কৃতে ছিল ৫৪ টি অক্ষর | ৫৪X২=১০৮ |
\# ১০৮ কে সংস্কৃতে বলা হয় হর্ষদ সংখ্যা | কারণ এই সংখ্যাকে তার সংখ্যা সমষ্টি দিয়ে ভাগ করা যায় | ১+০+৮=৯ | আবার ১০৮ ভাগ ৯ = ১২ |
\# অদ্ভুত ভাবে প্রকৃতির অনেককিছু সঙ্গে জুড়ে আছে এই 108 সংখ্যা।
যেমনঃ
1. সূর্য্য আর পৃথিবীর মধ্যে দূরত্ব /সূর্যের ব্যাস 150,000,000 km/1,391,000 km = 108, অর্থাৎ পৃথিবী আর সূর্যের মধ্যে খানে 108 টা সূর্য বসানো যাবে।
2. সূর্যের ব্যাস পৃথিবীর ব্যাস 1,391,000 km/12,742 km = 108
অর্থাৎ সূর্যের মোট ব্যাসের ওপর 108 টা পৃথিবীর ব্যাস বসানো যাবে।
3. পৃথিবী আর চন্দ্রের মধ্যে দূরত্ব /চন্দ্রের ব্যাস 384403 km/3474.20 km = 108
অর্থাৎ পৃথিবী আর চন্দের মধ্যখানে 108 চন্দ্র বসানো যাবে।
4. একজন সুস্থ মানুষের ক্ষেত্রে ,.................1মিনিটে হৃদয়ের কম্পন হয়= 72 বার
6মিনিটে হয়= 72×6 = 432 = [ 108×4 ]
6মিনিট = 1 হূর্ত। সুতরাং 1 হূর্তে 108 × 4 বার হৃদকম্প হয়।
\# একজন সুস্থ মানুষের এক মিনিটে ১৫ বার প্রশ্বাস গ্রহণ ও নিঃশ্বাস ত্যাগ করার কথা | ১ ঘণ্টায় ৯০০ বার | ১২ ঘণ্টায় ১০, ৮০০ বার | সেই হিসেবে ১০৮ বার জপ করলে বা মন্ত্র উচ্চারণ করলে পুণ্যলাভ হয় বলে বিশ্বাস | জপমালায় মনকা থাকে ১০৮ টি |
\# হিন্দু বা সনাতন শাস্ত্রে ১০৮ টি পুরাণ ও উপনিষদ ।
\# মানবদেহে মোট ১০৮ টি এনার্জি লাইন বা শক্তিরেখা আছে | দুই রেখার ছেদবিন্দুতে আছে চক্র |
\# নটরাজ এর তাণ্ডবের থেকে ভারত নাট্যাম এর সৃষ্টি, সেই নৃত্য শাস্ত্রে ১০৮ টি হস্ত ও পদমুদ্রা আছে।
\# আয়ুর্বেদে আছে ১০৮ টি মর্মবিন্দু | দেহের সেই বিন্দুগুলোয় স্পর্শ বা চিকিৎসায় সুস্থতা লাভ করে মানুষ |
\# ১০৮-এর মধ্যে ১ হল সর্বোচ্চ সত্যের প্রতীক | ০ বোঝায় শূন্যতা এবং সম্পূর্ণতা | ৮ হল ইনফিনিটির প্রতীক |

Published on: Jul, 03 2023 17:01